



## হাদি হত্যার দ্রুত বিচারের দাবিতে উত্তাল শাহবাগ, রাতভর অবস্থানের ঘোষণা



সংগৃহীত ছবি

শহিদ ওসমান হাদির হত্যার প্রতিবাদে রাজধানীর শাহবাগ মোড় শুক্রবার সন্ধ্যার পর থেকে উত্তাল হয়ে ওঠে। ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শহিদ শরিফ ও সমর্থকরা ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ থেকে মিছিল নিয়ে মোড়ে অবস্থান নেন। শিক্ষার্থী ও সাধারণ মানুষের উপস্থিতি সন্ধ্যা থেকেই বেড়ে যায়, ফলে মোড়টি প্রায় পুরোপুরি বন্ধ হয়ে যায়।

অবরোধ কর্মসূচিতে বজ্রতা দেন ইনকিলাব মঞ্চের সদস্য সচিব আব্দুল্লাহ আল জাবের। তিনি জানান, “হত্যার সঙ্গে জড়িত সকলকে গ্রেপ্তার না করা পর্যন্ত আমরা আন্দোলন থামাব না।” ফাতিমা তাসনিম জুমা বলেন, “ওসমান হাদি কখনও নিজেকে নেতা বলেননি; সবসময় তিনি ছিলেন একজন নিষ্ঠাবান কর্মী। তার মৃত্যু আমাদের আন্দোলনের প্রেরণা হয়ে থাকবে।” তিনি আরও উল্লেখ করেন, হত্যার পর এখনও দোষীদের অবস্থান ও পলায়নের বিষয়ে গোয়েন্দা সংস্থাগুলো স্পষ্ট তথ্য দিতে পারেনি।

ওসমান হাদির ভাই শরিফ ওমর বিন হাদি বলেন, “সরকারি উদ্যোগে বিচার নিশ্চিত করার অভাব দেখা যাচ্ছে। আমরা বিচার না পাওয়া পর্যন্ত ঘরে ফিরব না।”

সংগঠনটি গত ২৫ ডিসেম্বর হত্যাকারীদের গ্রেপ্তারের জন্য নির্দিষ্ট সময়সীমা দিয়েছিল। নির্ধারিত সময়ের মধ্যে কোনও অগ্রগতি না হওয়ায় আন্দোলনের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

উল্লেখ্য, ১২ ডিসেম্বর রাজধানীর বিজয়নগর এলাকায় নিষিদ্ধ ছাত্রলীগ নেতা ফয়সাল করিম মাসুদ ওরফে দাউদ খানের গুলিতে গুরুতর আহত হন শরিফ ওসমান হাদি। প্রথমে ঢাকায় চিকিৎসা দেওয়া হয়, পরে ১৫ ডিসেম্বর উন্নত চিকিৎসার জন্য তাকে সিঙ্গাপুর নেওয়া হয়। সেখানেই ১৯ ডিসেম্বর মৃত্যুবরণ করেন তিনি। এরপর ইনকিলাব মঞ্চের সদস্যরা শহিদী শপথ নিয়ে ত্রিশ কার্যদিবসের মধ্যে বিচার সম্পন্ন ও ‘ইনসাফভিত্তিক বাংলাদেশ’ গড়ার অঙ্গীকার করেন।